

## নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

বিষয় : নির্বাচন কমিশনের স্বাধীনতা নিশ্চিতকরণ সংক্রান্ত ।

কয়েকদিন আগে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার ও মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ মাননীয় প্রধান উপদেষ্টার সাথে সাক্ষাৎ করেন। সে সময় নির্বাচন কমিশনের সচিবালয় স্বাধীনতা নিশ্চিত করার প্রশ্নে যা যা করা দরকার সরকার তা করবে বলে মাননীয় প্রধান উপদেষ্টা সুস্পষ্ট মতামত ব্যক্ত করেছেন। কমিশন তাঁর কাছে সুস্পষ্টভাবে এ মর্মে মত ব্যক্ত করেন যে, নির্বাচন কমিশন বর্তমানে সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করছে এবং সরকারের তরফ থেকে কোনরূপ চাপ বা প্রভাব তারা অনুভব করেন না বা তদ্রূপ কোন চাপ বা প্রভাব কোন অবস্থাতেই আরোপ করা হচ্ছে না।

২. নির্বাচন কমিশন একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। নির্বাচন কমিশনকে দায়িত্ব পালনে সহায়তা প্রদানের জন্য এর নিজস্ব সচিবালয় রয়েছে, যার নাম নির্বাচন কমিশন সচিবালয়। কমিশনের চাহিদা অনুসারে এ সচিবালয়ে সরকারের একজন সচিবসহ অল্প কয়েকজন কর্মকর্তাকে সরকার থেকে প্রেষণে নিয়োগদান করা হয়। অপরদিকে, মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাসহ সচিবালয়ের অধিকাংশ কর্মকর্তা এবং সকল কর্মচারী নির্বাচন কমিশন সচিবালয়ের নিজস্ব কর্মকর্তা-কর্মচারী। কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ-বদলির ক্ষেত্রেও সরকারের কোন ভূমিকা নেই।

৩. নির্বাচন কমিশন সচিবালয়কে প্রধান উপদেষ্টার কার্যালয়ের সাথে দেখানোর কারণে (কার্যবিধিমালা ২ নং তফসীলে) এ প্রতিষ্ঠান সরকারের অধীন বলে একটি ধারণা রয়েছে। কার্যবন্টনতালিকায় সরকারের শীর্ষ সংগঠনগুলিকে মন্ত্রণালয়/বিভাগের আওতায় প্রদর্শন করে সেগুলোর কার্যাবলী বর্ণনা করা হয়েছে। নির্বাচন কমিশনের অবস্থানও সংগত কারণে একটি বিভাগরূপে সেখানে দেখানো আছে। উল্লেখ্য যে, জাতীয় সংসদ সচিবালয়কেও অনুরূপভাবে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে দেখানো রয়েছে।

৪. বর্তমানে নির্বাচন কমিশন সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করছে। কমিশনের দিক-নির্দেশনায় কমিশন সচিবালয়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং কমিশনের সিদ্ধান্ত বাস্তবায়নে সচিবালয়ের প্রশাসনিক ও আর্থিক স্বাধীনতার কোন ঘাটতি নেই। কমিশনের চাহিদা অনুযায়ী অর্থ বরাদ্দ অর্থ বিভাগ থেকে দেয়া হয়ে থাকে অর্থাৎ আর্থিক বিষয়েও কমিশন কোনরূপ প্রতিবন্ধকতা সম্মুখীন কখনোই হয় না।

৫. বর্তমানে জাতীয় সংসদ সচিবালয়কে সম্পূর্ণ একটি স্বাধীন কাঠামো বলে গণ্য করা হয়। বস্তুত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে নির্বাচন কমিশন সচিবালয়ের অবস্থানগত প্রশ্নে যেকোন বিধান রয়েছে, তাতে প্রতীয়মান হয় সংবিধান প্রণয়নকালে জাতীয় সংসদ সচিবালয়ের সাথে নির্বাচন কমিশন সচিবালয়কে কাঠামোগত দিক থেকে পৃথকভাবে কল্পনা করা হয়েছিল। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান পরীক্ষা করলে দেখা যায় শুধুমাত্র জাতীয় সংসদ সচিবালয়ের নিজস্ব সচিবালয় থাকার কথা সংবিধানে স্বীকৃত হয়েছে। সংবিধানের প্রাসঙ্গিক অনুচ্ছেদ টি নিম্নরূপ:

৭৯। (১) সংসদের নিজস্ব সচিবালয় থাকিবে।


(২) সংসদের সচিবালয়ে কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ সংসদ আইনের দ্বারা নির্ধারণ করিতে পারিবেন।

(৩) সংসদ কর্তৃক বিধান প্রণীত না হওয়া পর্যন্ত স্পীকারের সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি সংসদের সচিবালয়ের কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ নির্ধারণ করিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন এবং অনুরূপভাবে প্রণীত বিধানসমূহ যে কোন আইনের বিধান-সাপেক্ষে কার্যকর হইবে।

৬. পক্ষান্তরে সংবিধানে নির্বাচন কমিশন সংক্রান্ত বিধানটি নিম্নরূপ:

১২০। এই ভাগের অধীন নির্বাচন কমিশনের উপর ন্যস্ত দায়িত্ব পালনের জন্য যেকোন কর্মচারীর প্রয়োজন হইবে, নির্বাচন কমিশন অনুরোধ করিলে রাষ্ট্রপতি নির্বাচন কমিশনকে সেইরূপ কর্মচারী প্রদানের ব্যবস্থা করিবেন।

৭. উপরের অনুচ্ছেদদ্বয় ব্যাখ্যা করলে প্রতীয়মান হয়, কমিশন সচিবালয়ের কাঠামোগত পরিবর্তনে আইনগত জটিলতা রয়েছে এবং সংবিধান সংশোধন ছাড়া এ সচিবালয়কে সংসদ সচিবালয়ের ন্যায় পৃথক কাঠামোতে প্রতিষ্ঠিত করা সম্ভব নয়। তবে সেক্ষেত্রেও পূর্বের বর্ণনা অনুযায়ী বিদ্যমান কার্যবন্টনতালিকায় নির্বাচন কমিশন সচিবালয়ের অবস্থান নির্ণিত হওয়ার আবশ্যিকতা থেকে যাবে। এ বিষয়ে গণমাধ্যমে বা জনমানসে যে প্রশ্ন রয়েছে সে সম্পর্কে কমিশন সচেতন। বর্তমান সময়ে কমিশনের দায়িত্ব পালনের ক্ষেত্রে সচিবালয়ের অবস্থানগত প্রশ্নে কোন ধরনের সমস্যা না থাকলেও কমিশন দীর্ঘমেয়াদে এ বিষয়টি সুরাহা করার পক্ষপাতী। তাই কমিশন এ বিষয়টি পরীক্ষা করে দেখছে এবং বিশেষজ্ঞদের মতামত নিয়ে সরকারের কাছে প্রয়োজনীয় সুপারিশ পেশ করবে। মাননীয় প্রধান উপদেষ্টা কমিশন সচিবালয়ের স্বাধীনতা নিশ্চিতকরণের প্রশ্নে তত্ত্বাবধায়ক সরকারের যে পরিপূর্ণ অঙ্গীকার ব্যক্ত করেছেন, তাতে অনুরূপ সুপারিশ সরকার কর্তৃক বিবেচনা ও বাস্তবায়নে কোন জটিলতা নেই বলে কমিশন বিশ্বাস করে।

  
এল এন আসাদুজ্জামান  
জরুরসংযোগ কর্মকর্তা (সি.সি)  
নির্বাচন কমিশন সচিবালয়  
ঢাকা